

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, দিনাজপুর।
www.dae.dinaipur.gov.bd

তারিখ: ০৬.০৪.২০২৩ খ্রি.

স্মারক নং-১২.১৭.২৭০০.০৪১.৯৯.০০১.২৩./৭৬৭

বিষয়ঃ বোরো উৎপাদন নিবিড় করতে বোরো ধানের ব্লাস্টসহ অন্যান্য বালাই দমনে করণীয় প্রসঙ্গে।

ব্লাস্ট ধানের একটি ছত্রাক জনিত ক্ষতিকারক রোগ। বোরো ও আমন মৌসুমে সাধারণত ব্লাস্ট রোগ হয়ে থাকে। ব্লাস্ট তিন প্রকার : যথা- (১) পাতা ব্লাস্ট (২) গিট ব্লাস্ট (৩) শীষ ব্লাস্ট। অনুকূল আবহাওয়ায় রোগ প্রবণ জাতে এ রোগের আক্রমণে শতভাগ ফলন কমে যেতে পারে। তবে সঠিক সময়ে সঠিকভাবে ব্যবস্থা নিলে এ রোগের আক্রমণ থেকে ধানকে রক্ষা করা সম্ভব। সেজন্য নিম্নে প্রদত্ত নির্দেশনাসমূহ মাঠ পর্যায়ে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ব্লক ভিত্তিক উপসহকারী কৃষি কর্মকর্তা কর্তৃক ম্যাপেঞ্জার বা Whatsapp গ্রুপে নিয়মিত তথ্য প্রদান করা।
- উপজেলা কর্মকর্তা কর্তৃক নিয়মিত মাঠ মনিটরিং কার্যক্রম জোরদারকরণ।
- উপজেলা পর্যায়ে PP squad গঠন করে আক্রমণ নিয়ন্ত্রণে রাখা।
- উপযুক্ত বালাইনাশক, সঠিক মাত্রায়, সঠিক সময়ে ও সঠিক নিয়মে স্প্রে নিশ্চিত করণ।
- ব্লাস্ট আক্রমণ প্রবণ জাত যেমন- ব্রিধান২৮, ব্রিধান২৯, ব্রিধান৮১ ইত্যাদি জাতসমূহের মাঠ নিবিড় মনিটরিং ও পর্যবেক্ষণ পূর্বক কৃষকদের পরামর্শ প্রদান।
- শুকনা জমিতে ব্লাস্টের আক্রমণ বেশি হয়, বিধায় ব্লাস্ট রোগ দেখা দিলে জমিতে পানি ধরে রাখার পরামর্শ প্রদান।
- পাতায় ব্লাস্ট দেখা গেলে বিঘা প্রতি ৫ কেজি পটাশ সার প্রয়োগ নিশ্চিত করা।
- পাতা ব্লাস্ট রোগের প্রাথমিক অবস্থায় শেষ বিকালে ৫-৭ দিন পরপর অনুমোদিত ছত্রাকনাশক সঠিক মাত্রায় মিশ্রণ তৈরী করে একর প্রতি ১২ মেশিন/ ডোল স্প্রে নিশ্চিত করতে হবে।
- এসএএও গণকে প্রতিদিন আক্রান্ত এলাকায় সরেজমিনে বোরো ধান ক্ষেত পর্যবেক্ষণ পূর্বক পরামর্শ প্রদান ও নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করণসহ তথ্য সংরক্ষণ করতে হবে।
- লিফলেট বিতরণের ব্যবস্থা গ্রহণসহ অনুমোদিত বালাইনাশক পর্যাণ্ড মজুদকরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, আপনার উপজেলার উদ্ভিদ সংরক্ষণ সংক্রান্ত সকল কার্যাবলি নিয়ম মারফিক সম্পাদন পূর্বক প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে অনুরোধ করা হলো।

০৬/০৪/২৩

উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, দিনাজপুর।

১-১৬। উপজেলা কৃষি অফিসার (সকল)
-----, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশিক্ষণ অফিসার, অত্র দপ্তর।
- ২। অতিরিক্ত উপপরিচালক (সকল), অত্র দপ্তর।
- ৩। অফিস নথি।